শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

# বন্ধু চেনা সহজ নয়

## প্রকৃতিঃ নীতিমূলক

তৃতীয় শ্রেণি

## সারমর্ম

আমরা যারা একসাথে পড়াশুনা ও খেলাধূলা করি তারা আমাদের বন্ধু। কিন্তু তারা সবসময় আমাদের পাশে থাকে না। যারা সুখে- দুঃখে,বিপদে-আপদে সবসময় আমাদের পাশে থাকে, আমায় সাহায্য করে, আমায় বিপদে ফেলে পালিয়ে যায় না, সেই আমার প্রকৃত বন্ধু। এই গল্পটির মধ্যে দিয়েও আমরা দেখব যে হরিণ, কাক ও শিয়াল তিনজন বন্ধু হওয়া সত্ত্বেও, হরিণকে বিপদে ফেলে শিয়াল কীভাবে পালিয়ে গেল ও তার ক্ষতি করতে চাইল। যদিও কাক তার সাধ্য মতো পরামর্শ দিয়ে হরিণকে বিপদ থেকে বাঁচাল। তাহলে কাকই হরিণের প্রকৃত বন্ধু। এই গল্প থেকে আমরা শিখলাম বিপদে প্রকৃত বন্ধুকে চেনা যায়। আরও শিখলাম, যে অন্যের ক্ষতি করতে চায় তার নিজেরই ক্ষতি হয়। তাই গল্পের শেষে দেখি ক্ষেতের মালিকের ছোঁড়া লাঠির ঘায়ে হরিণ নয়, শিয়ালই মারা পড়ল।

[বই থেকে শব্দার্থ, বিপরীত শব্দ,ও 'কিছু কথা' অংশটি পড়বে এবং গল্পটি সরব পাঠ করবে।]

১) অল্প কথায় উত্তর দাও:-

ক) কাক ও হরিণ কোথায় বাস করত? ( নিজে লেখো)

খ)কীভাবে হরিণের চেহারা নাদুসনুদুস হয়ে উঠেছিল? (নিজে লেখো)

গ) হরিণকে দেখতে পেয়ে শিয়াল মনে মনে কী বলেছিল?

উঃ- হরিণকে দেখতে পেয়ে শিয়াল মনে মনে বলেছিল -- দেখলেই লোভ হয়, জিভে জল আসে। হরিণের নরম মাংস খেতেই হবে।

ঘ) 'কোনো বন্ধু নেই আমার' --- কে, কাকে একথা বলেছিল? (নিজে লেখো)

ঙ) অচেনা শিয়ালকে হরিণের সঙ্গে দেখে কাক কী বলেছিল? (নিজে লেখো )

চ) শিয়াল হরিণকে সঙ্গে করে কোথায় নিয়ে গিয়েছিল? (নিজে লেখো )

ছ) খেতের মালিক হরিণকে ধরতে কী করেছিল? (নিজে লেখো)

জ) "বন্ধু বাঁচাও" -- কথাটি কে, কাকে বলেছিল? (নিজে লেখো)

ঝ) হরিণকে খুঁজতে কে বেরিয়েছিল? (নিজে লেখো)

ঞ) সকালে খেতের মালিক এসে কী দেখেছিল? (নিজে লেখো)

ট) হরিণ কখন দৌড় লাগালো?

উঃ- ফাঁদে পড়ে হরিণ মরে গেছে ভেবে খেতের মালিক যখন হরিণকে সরিয়ে রেখে জাল গুটোচ্ছিলো, তখন কাক ডেকে উঠতেই হরিণ নিজেকে বিপদমুক্ত জেনে দৌড় লাগিয়েছিল।

ঠ) খেতের মালিক রেগে গিয়ে কি করেছিল? (নিজে লেখো)

## ২)প্রশ্নগুলির উত্তর দাও:-

ক) "তাতে ওর কাছাকাছি থাকা যাবে।

i) কে, কার কাছাকাছি থাকতে চেয়েছিল? (নিজে লেখো)

ii) কেন থাকতে চেয়েছিল?

iii) থাকতে চেয়ে সে কী করল?

উত্তরঃ ii) হরিণের নরম মাংস খাওয়ার লোভে সে হরিণের কাছাকাছি থাকতে চেয়েছিল।

উত্তরঃ iii) হরিণের কাছাকাছি থাকতে চেয়ে সে হরিণের সঙ্গে বন্ধুত্ব পাতাল।

খ) "হরিণ সেই ফাঁদে ধরা পড়ল।”

i)কীভাবে হরিণ ফাঁদে পড়েছিল?

ii)ফাঁদে পড়ে হরিণ কার সাহায্য চেয়েছিল?

iii)শিয়াল কী বলে হরিণকে সাহায্য করতে চায়নি?

iv)শিয়ালের আসল উদ্দেশ্য কী ছিল?

উঃ- i) শিয়ালের দেখানো ফসলের খেতে ফসল খেতে গিয়ে খেতের মালিকের পাতা ফাঁদে পড়ে গিয়েছিল হরিণ।

ii) (নিজে লেখো)

iii) (নিজে লেখো)

Iv) শিয়ালের আসল উদ্দেশ্য ছিল হরিণের নরম মাংস খাওয়া।

গ) অচেনা শিয়ালকে বন্ধু ভাবার ফলে হরিণের কী ক্ষতি হয়েছিল?

উঃ) অচেনা শিয়ালকে বন্ধু ভেবে বিশ্বাস করায় হরিণ ফাঁদে পড়েছিল,এমনকি আর একটু হলেই তার মৃত্যুও হতে পারত।

ঘ) "হরিণ .... ... বিপদমুক্ত হয়েছে।"

i) কখন হরিণ বুঝল সে বিপদমুক্ত হয়েছে?

ii) কে হরিণকে বিপদমুক্ত হতে সাহায্য করল?

iii) শেষে শিয়ালের কী হল?

উঃ- i) হরিণকে মরা ভেবে খেতের মালিক যেই তাকে জাল থেকে খুলে সরিয়ে রাখল, অমনি কাক কা-কা করে ডেকে উঠল। তখনই হরিণ বুঝল সে নিরাপদ এবং সে ছুটে পালাল।

ii) (নিজে লেখো)

iii) খেতের মালিক রেগে গিয়ে হরিণের দিকে হাতের লাঠি ছুঁড়ে দিল। কিন্তু তা হরিণের গায়ে না-লেগে সজোরে আঘাত করলো ঝোপের পাশে লুকিয়ে থাকা শিয়ালকে। লাঠির আঘাতে শেষে তার প্রাণ গেল।

## ৩) শূন্যস্থান পূরণ করো:- (বাড়ির কাজ)

" ক-দিন বাদে শিয়াল হরিণকে বলল, "বন্ধু, ___ সারাদিন ___ ___ ঘাসপাতা খেয়ে বেড়াও, তোমার ___ পরিশ্রম হয়। ___ একটা জায়গা দেখিয়ে দিই চলো ___ খেত ভরা ফসল, ___ শেষ করতে পারবে না।

## ৪) বাক্য রচনা করো:- (বাড়ির কাজ)

বন্ধু, জঙ্গল, ফাঁদ, পরিশ্রম, রবিবার, ফসলের খেত, জাল, হরিণ।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য
- Comment Box-এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।